# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# তথ্য অধিদফতর
# বাংলাদেশ সচিবালয়
# ঢাকা

**সংবাদ গতিধারা**

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ২২৭/২০১৭-১৮**

**ঢাকা, মঙ্গলবার, ২২ মে ২০১৮, ৮ জ্যৈষ্ঠ ১৪২৫**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। **হাউজিং অ্যান্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট আইন মন্ত্রিসভায় অনুমোদন**

২। **যুদ্ধাহত মুক্তিযোদ্ধা, এতিম ও আলেম-ওলামাদের জন্য প্রধানমন্ত্রীর ইফতার**

৩। **নিজস্ব কক্ষপথে পৌঁছেছে বঙ্গবন্ধু স্যাটেলাইট- ১**

৪। **বাজেট হবে তথ্য প্রযুক্তিবান্ধব : বেসিস কার্যনির্বাহী পরিষদের সাথে বৈঠকে অর্থমন্ত্রী**

৫। **কমিউনিটি ক্লিনিকের সাফল্যে প্রশংসা বিশ্বস্বাস্থ্য সংস্থার**
**স্বাস্থ্যমন্ত্রীর সঙ্গে সংস্থার মহাপরিচালকের সাক্ষাৎ**

৬। **ঢাকার ১৬ খালে প্রাণ ফেরাতে ৫৫০ কোটি টাকার প্রকল্প অনুমোদন**

৭। **ধর্মীয় শিক্ষার সঙ্গে আধুনিক শিক্ষার সমন্বয় করা হয়েছে : শিক্ষামন্ত্রী**

৮। **ভারতের অর্থায়নে নির্মিত হচ্ছে আখাউড়া-আগরতলা রেলপথ**

৯। **পাস্তুরিত দুধ পরীক্ষার নির্দেশ হাইকোর্টের**

চলমান পাতা-২



## ১। হাউজিং অ্যান্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট আইন মন্ত্রিসভায় অনুমোদন

হাউজিং অ্যান্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট আইন, ২০১৮ এর খসড়ার চূড়ান্ত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। এ আইনের লক্ষ্য ইমারতের নকশা প্রণয়ন, নির্মাণ উপকরণ-শিল্প এবং বসতির সঙ্গে সংশ্লিষ্ট বিভিন্ন সমস্যার ওপর কারিগরি ও বৈজ্ঞানিক অনুসন্ধান, দেশজ নির্মাণ উপকরণের প্রাপ্যতা, উন্নয়ন, ব্যবহারসহ পরিবেশবান্ধব নির্মাণ উপকরণের উন্নয়নে গবেষণা কার্যক্রম পরিচালনা করা। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে গতকাল (২১ মে সোমবার) তাঁর কার্যালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে এ অনুমোদন দেয়া হয়। এছাড়া মন্ত্রী, প্রতিমন্ত্রী, উপমন্ত্রী এবং

সচিবদের জন্য সরকারি খরচে মোবাইল ফোন কেনার অর্থের পরিমাণ ৭৫ হাজার টাকা নির্ধারণ করেছে সরকার। মন্ত্রিসভা এ সংক্রান্ত 'সরকারি টেলিফোন, সেলুলার, ফ্যাক্স ও ইন্টারনেট নীতিমালা ২০১৮'-এর খসড়ার চূড়ান্ত অনুমোদন দিয়েছে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (পৃ.২,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৪)।

আসন্ন গাজীপুর সিটি কর্পোরেশন নির্বাচন নিয়ে সকলকে একযোগে কাজ করার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, খুলনার মতো গাজীপুরেও নেতাকর্মীদের ঐক্যবদ্ধ থাকতে হবে। আওয়ামী লীগ নেতাদের উদ্দেশে তিনি বলেন, ঐক্যবদ্ধ থাকলে জয় সুনিশ্চিত। গতকাল (২১ মে সোমবার) মন্ত্রিসভার বৈঠকের পর দেশের বর্তমান রাজনৈতিক পরিস্থিতি নিয়ে অন্যান্য মন্ত্রীদের সঙ্গে অনানুষ্ঠানিক আলোচনাকালে প্রধানমন্ত্রী একথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **সংবাদ** (শেষ পৃ.,ক.৬), **প্রথম আলো** (পৃ.২,ক.১), **ডেইলি সান** (পৃ.১৪,ক.৫), **নিউ নেশন** (পৃ.৩,ক.১)।

## ২। যুদ্ধাহত মুক্তিযোদ্ধা, এতিম ও আলেম-ওলামাদের জন্য প্রধানমন্ত্রীর ইফতার

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল (২১ মে সোমবার) আলেম-ওলামা, যুদ্ধাহত মুক্তিযোদ্ধা, এতিম ও প্রতিবন্ধী শিশুদের সম্মানে গণভবনের সবুজ চত্বরে ইফতার মাহফিলের আয়োজন করেন। প্রধানমন্ত্রী সন্ধ্যা ৬টার দিকে ইফতার মাহফিলে আসেন এবং অনুষ্ঠানস্থলে আসা অতিথিদের সঙ্গে কুশল বিনিময় করেন। প্রধানমন্ত্রী এতিম ও প্রতিবন্ধী শিশুদের সঙ্গে ইফতার করেন। ইফতারের আগে দেশ ও জাতির অব্যাহত শান্তি, অগ্রগতি ও সমৃদ্ধি কামনা করে বিশেষ মোনাজাত করা হয়। **সংবাদ** (শেষপৃ.,ক.৫), **সমকাল** (পৃ.২,ক.৫), **ডেইলি সান** (পৃ.৩,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১)।

## ৩। নিজস্ব কক্ষপথে পৌঁছেছে বঙ্গবন্ধু স্যাটেলাইট- ১

দেশের প্রথম স্যাটেলাইট বঙ্গবন্ধু-১ তার নিজস্ব কক্ষপথে (১১৯ দশমিক ১ ডিগ্রিতে) পৌঁছেছে বলে জানিয়েছেন বাংলাদেশ কমিউনিকেশন স্যাটেলাইট কোম্পানি লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক মো. সাইফুল ইসলাম। তিনি বলেন, বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ ফ্লোরিডা থেকে উৎক্ষেপণের ১০ দিন পর এটি তার নিজস্ব অবস্থান নিয়েছে এবং স্বাভাবিকভাবে কাজ শুরু করেছে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৮), **যুগান্তর** (শেষ পৃ.,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৫)।

## ৪। বাজেট হবে তথ্য প্রযুক্তিবান্ধব : বেসিস কার্যনির্বাহী পরিষদের সাথে বৈঠকে অর্থমন্ত্রী

আসন্ন (২০১৮-১৯) অর্থবছরের বাজেট তথ্যপ্রযুক্তিবান্ধব হবে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। তিনি বলেন, বাংলাদেশের তথ্যপ্রযুক্তিখাতের উন্নয়ন, যেকোনো দেশের জন্যেই অনুসরণীয়। তথ্যপ্রযুক্তিখাতের উন্নয়নে বেসিস অনেকদিন ধরেই সরকারের সঙ্গে কাজ করছে। ফলে বেসিসের প্রস্তাবগুলোকে গুরুত্ব সহকারে বিবেচনার আশ্বাস দেন তিনি। গতকাল (২১ মে সোমবার) সচিবালয়ে বাংলাদেশ অ্যাসোসিয়েশন অভ্ সফটওয়্যার এন্ড ইনফরমেশন সার্ভিসেস (বেসিস) এর কার্যনির্বাহী পরিষদের সঙ্গে বৈঠকে অর্থমন্ত্রী এসব কথা জানান। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **ইনকিলাব** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৭)।



## ৫। কমিউনিটি ক্লিনিকের সাফল্যে প্রশংসা বিশ্বস্বাস্থ্য সংস্থার
### স্বাস্থ্যমন্ত্রীর সঙ্গে সংস্থার মহাপরিচালকের সাক্ষাৎ

গ্রাম পর্যায়ের স্বাস্থ্যসেবার মানোন্নয়নে কমিউনিটি ক্লিনিকের সাফল্যের প্রশংসা করে এ কার্যক্রম পরিদর্শনের আগ্রহ দেখিয়েছেন বিশ্বস্বাস্থ্য সংস্থার মহাপরিচালক ড. তেদ্রোস আধানম গেব্রিয়েসাস। তিনি বলেন, তৃণমূল পর্যায়ে জনগণের প্রাথমিক চিকিৎসা নিশ্চিত করতে বাংলাদেশে কমিউনিটি ক্লিনিকগুলো যে সফলতা দেখিয়েছে তা বিশ্বের অনেক দেশের জন্য অনুস্মরণীয় ও দৃষ্টান্ত হয়ে থাকবে। গতকাল (২১ মে সোমবার) সুইজারল্যাণ্ডের জেনেভায় প্যালেস ডি নেশন্সে স্বাস্থ্য ও পরিবারকল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিম তাঁর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করতে গেলে তিনি এসব কথা বলেন।

স্বাস্থ্যখাতের এ অগ্রযাত্রা ধরে রাখতে বাংলাদেশকে সব ধরনের সহযোগিতা অব্যাহত রাখার আশ্বাস প্রদান করেন তিনি। স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম বিশ্বস্বাস্থ্য সংস্থার নীতিনির্ধারনী পর্যায়ে বাংলাদেশের প্রতিনিধি রাখার জন্য মহাপরিচালকের প্রতি আহ্বান জানান। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.১), **ইত্তেফাক** (পৃ.২,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৫)।

**৬। ঢাকার ১৬ খালে প্রাণ ফেরাতে ৫৫০ কোটি টাকার প্রকল্প অনুমোদন**

রাজধানীর পানি নিষ্কাশনের জন্য প্রায় বেদখল ১৬টি খাল সংস্কার করে দুই পাড় বাঁধাই করা ও হাঁটার রাস্তা নির্মাণের জন্য একটি প্রকল্প অনুমোদন করা হয়েছে। এ কাজে ব্যয় হবে মোট ৫৫০ কোটি টাকা। আগামী দুই বছরের মধ্যেই এ প্রকল্পটির কাজ শেষ হবে বলে জানিয়েছেন প্রকল্প অনুমোদনকারী স্থানীয় সরকার মন্ত্রণালয়ের মন্ত্রী খন্দকার মোশাররফ হোসেন। গতকাল (২১ মে সোমবার) এ প্রকল্পটি অনুমোদন দেওয়া হয়। পরে নিজ দপ্তরে গণমাধ্যমকর্মীদের এ বিষয়ে জানান এলজিআরডি মন্ত্রী। সূত্র-**যায়যায়দিন** (শেষ পৃ.,ক.৪), **ইনকিলাব** (পৃ.৮,ক.১), **ডেইলি স্টার** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৭)।

**৭। ধর্মীয় শিক্ষার সঙ্গে আধুনিক শিক্ষার সমন্বয় করা হয়েছে : শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, সরকার মাদরাসা ও ইসলামি শিক্ষার উন্নয়নে বিভিন্ন উদ্যোগ গ্রহণ করেছে। মাদরাসা শিক্ষকদের বেতন ও মর্যাদা বাড়নো হয়েছে। মাদরাসা শিক্ষার্থীরা যাতে শুধু ধর্মীয় শিক্ষা নয়, আধুনিক শিক্ষা অর্জন করতে পারেন এ জন্য ধর্মীয় শিক্ষার সঙ্গে আধুনিক শিক্ষার সমন্বয় করা হয়েছে। গতকাল (২১ মে সোমবার) রাজধানীর মহাখালীর গাউসুল আজম কমপ্লেক্সে বাংলাদেশ জমিয়াতুল মোদার্রেছীন আয়োজিত আলোচনাসভা ও ইফতার মাহফিলে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.৭,ক.২), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.৬)।

**৮। ভারতের অর্থায়নে নির্মিত হচ্ছে আখাউড়া-আগরতলা রেলপথ**

ভারতের অর্থায়নে বাংলাদেশের আখাউড়া থেকে ত্রিপুরার আগরতলা পর্যন্ত ১৫ কিলোমিটার দীর্ঘ রেলপথ নির্মাণ শুরু হচ্ছে আগামী মাসে। এর মধ্যে ভারতের অংশে ৫ কিলোমিটার এবং ১০ কিলোমিটার বাংলাদেশের অংশে রয়েছে। ভারতের অংশের নির্মাণ কাজ চলমান রয়েছে। বাংলাদেশ অংশের আখাউড়ার গঙ্গাসাগর থেকে শিবনগর পর্যন্ত রেলপথ নির্মাণের ব্যাপারে গতকাল (২১ মে সোমবার) রেলভবনে ভারতীয় ঠিকাদার প্রতিষ্ঠানের সাথে চুক্তি স্বাক্ষরিত হয়। এ সময় রেলমন্ত্রী মো. মুজিবুল হক ও সচিব মো. মোফাজ্জল হোসেনসহ রেলওয়ের ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৬)।

**৯। পাস্তুরিত দুধ পরীক্ষার নির্দেশ হাইকোর্টের**

বাজারে থাকা পাস্তুরিত দুধের মান যথাযথ কিনা, বিশেষজ্ঞ ও গবেষকদের গঠিত কমিটি দিয়ে তা পরীক্ষা করে দেখার নির্দেশ দিয়েছে হাইকোর্ট। আগামী এক মাসের মধ্যে এ কমিটিকে বাজার থেকে সংগৃহীত পাস্তুরিত দুধ পরীক্ষার পর হাইকোর্টে প্রতিবেদন দিতে হবে। খাদ্যসচিব, স্বাস্থ্যসচিব, স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক, বিএসটিআই মহাপরিচালক, আইসিডিডিআর,বি'র নির্বাহী পরিচালক ও পুলিশপ্রধানকে এ আদেশ বাস্তবায়ন করতে হবে। বিচারপতি জুবায়ের রহমান চৌধুরী ও বিচারপতি মো. ইকবাল কবিরের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ গতকাল (২১ মে সোমবার) এ আদেশ দেন। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.১), **যুগান্তর** (পৃ.৩,ক.৫), **ডেইলি স্টার** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৫৭)।

=৪=

## সম্পাদকীয়

**ক.** **ইত্তেফাক :** মফস্বল এলাকায় সেহরি ও ইফতারের সময় বিদ্যুতের লোডশেডিং বেড়ে যাওয়ার বিষয় উল্লেখ করে এ অবস্থা নিরসনে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

**খ.** **ইনকিলাব, নিউ এজ :** বিআরটিএ'র বেধে দেওয়া একমাস সময়সীমার মধ্যে সরকারি-বেসরকারি বিভিন্ন সংস্থা ও মালিকের ৫৬,৪১০টি গাড়ির মধ্যে শুধুমাত্র ১৬টি গাড়ির ফিটনেস সার্টিফিকেট নবায়ন করার তথ্য তুলে ধরে আনফিট যানবাহনের ফিটনেস সার্টিফিকেট প্রদানের ব্যবস্থা করাসহ বিআরটিএ-তে পর্যাপ্ত জনবল ও অবকাঠামোগত সুবিধা বাড়ানোর প্রত্যাশা।

গ. **প্রথম আলো :** ঈদে বাড়ি ফেরা মানুষের চলাচল নির্বিঘ্ন করতে সড়ক-মহাসড়ক দ্রুত সংস্কারের সুপারিশ।

ঘ. **জনকণ্ঠ :** দেশে কৃষিজাত পণ্যের ন্যায্য দাম নিশ্চিত করার জন্য তৃণমূল থেকে রাজধানী পর্যন্ত একটি আধুনিক ও সমন্বিত বাজার ব্যবস্থা গড়ে তোলার ওপর গুরুত্বারোপ।

ঙ. **ইন্ডিপেনডেন্ট, ডেইলি সান, যায়যায়দিন :** জনগণকে বিশেষ করে নারীদের হয়রানি করতে সাইবার অপরাধীরা তাদের কর্মকাণ্ডে অত্যাধুনিক কৌশল ব্যবহার করায় প্রতিটি একাডেমিক ইন্সটিটিউশনে সাইবার ক্রাইম হেল্প সেন্টার স্থাপনের আহ্বান।

চ. **ডেইলি সান :** ভূমিধসে হতাহতের ঘটনা প্রতিহতে পাহাড়ে ঝুঁকিপূর্ণ বসবাসরতদের নিরাপদ স্থানে সরিয়ে নেওয়ার সুপারিশ।

ছ. **ডেইলি স্টার :** ইদানিং রাজধানীর বিভিন্ন ফুটপাতে সাইকেল, মোটরসাইকেল, রিকসা ও সিএনজি চলাচল করছে উল্লেখ করে ফুটপাতে মোটরযান চলাচলে হাইকোর্টের নিষেধাজ্ঞা কঠোরভাবে প্রয়োগের আহ্বান।

জ. **নিউ নেশন :** বৈধ পথে দেশে স্বর্ণ আমদানি-রপ্তানি করার লক্ষ্যে বাণিজ্য মন্ত্রণালয়ের নেওয়া উদ্যোগকে স্বাগত জানিয়ে তা দেশের অর্থনীতিকে সমৃদ্ধ করবে বলে প্রত্যাশা ব্যক্ত করে সম্পাদকীয় প্রকাশ।

## উপসম্পাদকীয়

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, রাষ্ট্র হিসেবে বাংলাদেশের উন্নতির জন্য রাষ্ট্রভাষা বাংলার উন্নতি অপরিহার্য।

## নিবন্ধ ও ফিচার

**যুগান্তর** পত্রিকায় প্রকাশিত **'পরিবার হোক ভালোবাসার নীড়'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, মানবসভ্যতা টিকিয়ে রাখতে হলে পরিবারের বন্ধন দৃঢ় রাখা প্রয়োজন।

#

ডালিয়া/খাদীজা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৮/৯.০০ঘন্টা